# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮২

**তারিখ:** ০৮ পৌষ ১৪৩১ / ২৩ ডিসেম্বর ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ৩০-১২-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, দুপুর ১২:০০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

**স্বাক্ষরিত/-**
**(মোঃ রমিজ আলম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**প্রশাসক**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। .......................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮২

**তারিখ:** ০৮ পৌষ ১৪৩১ / ২৩ ডিসেম্বর ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

২৩/১২/২০২৪

**(মোঃ রমিজ আলম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**প্রশাসক**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/ডিসেম্বর ২০২৪

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮২

তারিখঃ ০৮ পৌষ ১৪৩১
২৩ ডিসেম্বর ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ৩০-১২-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, দুপুর ১২:০০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

২৩/১২/২০২৪

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

বিতরণ : কার্যার্থে :

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ...................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮২

তারিখঃ ০৮ পৌষ ১৪৩১
২৩ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/ডিসেম্বর ২০২৪

## ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ৩০-১২-২০২৪ খ্রি
সময়: ১২-০০টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | লায়লা আরজুমান বেগম, UAO | [signature] |
| ২. | মো: খালেদ মোকাররম SUFO | [signature] ৩০.১২.২৪ |
| ৩ | উম্মে [illegible] কুলসুম [illegible] USSO | [signature] ৩০.১২.২৪ |
| ৪. | জাহাঙ্গীর মো: রবিউল ইসলাম AE, BMDA | [signature] |
| ৫। | মোছাঃ জিন্নাতুন [illegible] UWAO | [signature] |
| ৬. | মো: মো: আব্দুর রহমান [illegible], RMD | [signature] |
| ০৭। | মোঃ মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ০৮. | মো: আব্দুল্লাহ আল মামুন, AUFPO | [signature] |
| ০৯. | ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, ULO | [signature] |
| ১০. | নিখিল চন্দ্র বর্মন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক - | [signature] |
| ১১/ | রুবেল ইসলাম এজি.এম - পল্লী বিদ্যুৎ - | [signature] |
| ১২/ | মির্জা এনোয়ার হোসেন, U.Y.D.O. | [signature] |
| ১৩/ | মো: তরিকুল ইসলাম PIO | [signature] |
| ১৪। | মোছা: মমতা বেগম তথ্যসেবা সহকারী, তথ্যকেন্দ্র | Momota |
| ১৫। | মোছা. ফারহানা পারভীন (প্রেষণে) উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৬। | সুমিত গুহ, AP, DoICT | [signature] |
| ১৭। | মো: আসাদুজ্জামান, উপজেলা পরিসংখ্যান অফিসার | [signature] |
| ১৮। | মো: হাবিবুল ইসলাম UPEO | [signature] |
| ১৯। | মো: [illegible] রহমানুল্লাহ, USEO, পীরগঞ্জ | [signature] |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র ডিসেম্বর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রমিজ আলম
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ৩০-১২-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ দুপুর ১২:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি'র প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট প্রকল্প চাহিদার জন্য আহবান করা হয়। সে মোতাবেক সকলে প্রকল্প দাখিল করেছেন। উক্ত প্রকল্পগুলো সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>তিনি আরও জানান, উপজেলা পরিষদের টাংগন আবাসিক ভবনসহ অন্যান্য আবাসিক ভবনগুলি অনেক পুরাতন। পুরাতন ভবনগুলির বিভিন্ন রকম মেরামত/রক্ষণাবেক্ষণ প্রয়োজন। যেমন- বিভিন্ন রকম বৈদ্যুতিক লাইন মেরামত ও সংযোগ, পানির লাইন মেরামত ও সংযোগ ইত্যাদি। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) এডিপি'র দাখিলকৃত প্রকল্পগুলো অনুমোদন করা হলো এবং টেন্ডার কার্যক্রম শুরু করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>২) উপজেলা পরিষদের টাংগন আবাসিক ভবনসহ অন্যান্য আবাসিক ভবনগুলি মেরামত/রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা প্রকৌশলী<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি<br>৩) উপজেলা বাসাবাড়ি বরাদ্দ কমিটি, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৮২১ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৪০৩ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,২৩৬ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৫৮ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫০০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১২১ জনকে। ৩৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। কোটা আন্দোলন ভর্তিকৃত চিকিৎসা গ্রহণ করেছেন ০২ জন। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে ও সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ (১) সক্ষম দম্পতি- ৫১,৭৭৯ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৯৮৩ জন, (৩) খাবার বড়ি - ২৩,৫৪০ জন (৪) কনডম- ২,২৪৩ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৭,৮৭১ (৬) আইইউডি- ০৪ (৭) ইমপ্ল্যানন- ৪০ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৭৬২ জন (১১) ডেলিভারী (নতুন)- ১০ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.১৪% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৪-২৫ অর্থ বছররে রবি ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চলমান শৈতপ্রবাহের কারণে বোরো বীজতলা কোল্ড ইনজুরি, সরিষার ল্টারনেরিয়া ব্লাইট, আলুর মড়ক রোগ দমনে মাঠ পর্যায়ে কৃষি বিভাগ উঠ্য বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। এডিপি হতে উপ-প্রকল্পের বরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ঠ উপসহকারী কৃষি আফিসারের মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়ণে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ ১১৬৭<br>২। গবাদিপশুর টিকা প্রদান ঃ ৩৭৬০<br>৩। হাঁস-মুরগির টিকা প্রদানঃ ৫৬০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদান ঃ ২৭৭৯<br>৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদানঃ ১৯৩৯১<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনাঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদানঃ ২৭<br>৮। উঠান বৈঠকের আয়োজনঃ ০৬<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শনঃ ১০ | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর ২০২৪ খ্রিঃ মাসে ২২ (বাইশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ৮ (আট) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। মাননীয় উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে ২২/১২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ইলিশ পাচার রোধে করণীয় ও গৃহিত ব্যবস্থাদি সর্ম্পকে উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর মাসিক সভায় উপস্থিত সবাইকে অবহিত করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও জানান যে, তিনি অত্র উপজেলায় ইলিশ পাচার রোধে আইন-শৃংখলা বাহিনী (পুলিশ, বিজিবি) কে | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সজাগ থাকতে নির্দেশনা প্রদান করেছেন। ২০২৪-২৫ অর্থবছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) কর্তৃক পালিগাঁও বিল মৎস্য অভয়াশ্রম পুন:খনন কার্যক্রম তালিকাভুক্ত রয়েছে। পুন:খননের সময় মৎস্য অভয়াশ্রম তথা মাছের যেন ক্ষতি না হয়, সেজন্য বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৬ষ্ঠ-৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা ২০২৪ এর প্রশ্নপত্র নিজস্ব ব্যবস্থাপনায় প্রণয়ন পূর্বক যথাসময়ে পরীক্ষা আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ (আইএমএস) ২০২৪ কার্যক্রম চলমান রয়েছে এবং নির্দিষ্ট সময়ে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করা হয়েছে। ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম পূরণ ফি গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা আগামী ০২-১২-২০২৪ থেকে ১১-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নেওয়ার বিধান রয়েছে। এ বিষয়ে সহকারি প্রাথমিক শিক্ষা অফিসারগণ তৎপর রয়েছেন। যথাসময়ে সম্পন্ন করা হবে। সরকারি শিক্ষকগণের সরকারের নির্দেশনা মত সম্পদ বিবরণী দাখিল কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষকদের ইউআরসি-তে বাংলা বিষয়ের প্রশিক্ষণ ৩ ব্যাচ সম্পন্ন হয়েছে। প্রধান শিক্ষকদের ১৫ দিনের লিডারসীপ প্রশিক্ষণ খুব শীঘ্রই শুরু হবে। ৪ ব্যাচে ১২০ জন প্রধান শিক্ষক নিবেন। শিশুদের মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে বানান এবং রিডিং এর উপর বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। সাবলিলভাবে পড়তে পারে না, এমন শিশুদের তালিকা বিদ্যালয় ভিত্তিক করে বিশেষ যত্ন নেওয়ার নির্দেশনা প্রধান শিক্ষকদের দেওয়া হয়েছে। প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি, উপজেলায় কর্মরত কর্মকর্তাগণ পরিদর্শন করলে শিক্ষার মান উন্নত হবে মর্মে উল্লেখ করেন। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে সমাজসেবা বিভাগের ০৫ টি কমিউনিটি সেন্টার রয়েছে। ভবনও রয়েছে। ভবনগুলি পুরাতন হয়ে গেছে। স্থানীয় সেটেলম্যান্ট অফিস পুরাতন মালিকের বিপরীতে পর্চা দিয়েছেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষণ করেন। বেঁদে, দলিত, হরিজন এবং অনগ্রসর জনগোষ্ঠীর ভাতার জন্য অনলাইন আবেদন অদ্য ৩০-১২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত চালু রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে সমাজসেবা বিভাগের ০৫ টি কমিউনিটি সেন্টার সমাজসেবা অধিদপ্তরের আওতায় পর্চা দেওয়ার জন্য উপজেলা সেটেলমেন্ট অফিসারকে অনুরোধ করা হলো। | ১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ২) উপজেলা সেটেলমেন্ট অফিসার, ৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল বোরো ২৪ : ১৭৮০.১০৬ মে:টন, ফলিত : ৮৭৪.২৭৬ মে:টন, চাল আমন ২৪-২৫ : ১২.৫১০ মে:টন। সর্বমোট চাল ২৬৬৬.৮৯২ মে: টন, ধান আমন ২৪-২৫ : ৬৩.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩৬,৮৭৭ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২৪ : ১০০৯.৬১০ মে:টন, চাল আমন ২৪-২৫ : ৪৮.৫৭০ মে:টন। সর্বমোট চাল ১০৫৮.১৮০ মে: টন ও সর্বমোট খালি বস্তা ১৮,৫৯২ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৭ টি ব্রীজ কালভার্ট এর মধ্যে ১২ টি ব্রীজ কালভার্ট এর কার্যক্রম সমাপ্ত হয়েছে। বাকী ০৫ টি ব্রীজ কালভার্ট এর কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ খ্রি: অর্থ বছরের উপকারভোগী মোট ২,৫৫৮ জন। ডিসেম্বর ২০২৪ খ্রি: মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৪-২০২৫ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই ২০২৪ হতে প্রতি মাসে প্রতি ইউনিয়নে ০৯ জন এবং পৌরসভায় ওয়ার্ড প্রতি ০২ জন করে মোট ১৮ জন করে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সর্বমোট = ৬৪৮ জন উপকারভোগী চূড়ান্ত হয়েছে।<br>**৩) মহিলাদের আত্মকর্মসংস্থানেরজন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানেরজন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থ বছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**৬) উঠান বৈঠক/আলোচনা সভা ঃ** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপঃ সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৯৩ টি। ইতিমধ্যে ২০২২-২০২৩ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ৬০ টি। বিগত মাসে ৪৮ টি। বর্তমান মাসে ১২ টি মোট ৬০ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০২১-২২) অডিট ফি (রাজস্ব) ১১১৬০০/-টাকা এবং সরকারি ভ্যাট ১৬৭৪৮/- টাকা। সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ১৭৭৫৫৩/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৫,৬৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ০০ টাকা এবং সার্ভিজ চার্জ ০০ টাকা। মোট আসল আদায় ১০০১০৯৬/- টাকা এবং সার্ভির্স চার্জ ৮১৯১১/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>মোটা ঋণ তহবিল: ১৫৬৮৮৮৫০/-<br>চলতি অর্থবছরে ঋণ বিতরণ: ০<br>চলতি অর্থবছরে আদায়: ৭৯৮৫৪৫/-<br>চলতি আদায়ের হার: ৯৮%<br>চলতি অর্থবছরে ঋণীর সংখ্যা: ০<br>চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রাপ্ত: ১৫০ জন<br>চলতি অর্থবছরে আত্নকর্মি: ২৬ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ: ১৬২৭৯২৫০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য: ১৬১২৩৩৪২৫/-<br>ক্রমপুঞ্জিত আদায়: ১৫৮৩২৫৪২২/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের হার: ৯৮%<br>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা: ২৯৫৬৬ জন<br>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত: ১০০১৩ জন<br>ক্রমপুঞ্জিত আত্নকর্মি: ৪৮৫৮ জন<br>এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৮.৩৩</td><td>১.১০</td><td>১২৮.৬০</td><td>১৪১.৩২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>১.০০</td><td>৬৪.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>২.১০</td><td>২১৬.৫৬</td><td>২০৫.৩০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৪ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় শাক-সবজিসহ বিভিন্ন জাতের রবি শস্য রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০,৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির (জিডিজেআইপি) অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের কাজ চলমান রয়েছে এবং দুইটির কাজ শেষ হয়েছে। তাছাড়াও উল্লেখিত প্রকল্পের আওতায় ১০ (দশ) টি এলএলপি স্থাপনের এবং ১২ (বার) টি সেচযন্ত্রের ৫৯০ মিটার সেচ নালা সম্প্রসারন কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। সেচযন্ত্র পূর্নঃবাসন প্রকল্পের আওতায় দুইটি সেচযন্ত্রের পূর্নবাসন কাজ চলমান রয়েছে। চলতি মাসে ২০২৪-২৫ অর্থ বছরের জন্য সেচযন্ত্রগুলির অপারেটর নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। এই অর্থ বছরে ইআইইসি প্রকল্পের আওতায় ০৮ (আট) টি সেচযন্ত্রের ৫০০ মিটার সেচনালা সম্প্রসারণ কাজের লক্ষ্যমাত্রা রয়েছে। সহকারি প্রকৌশলী, বিএমডিএ, সভায় আরও জানান যে, জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরণ পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র এজিএম সভায় জানান যে, বিদ্যুৎ বিল সরকারি রাজস্ব হওয়ায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকল শ্রেণীর গ্রাহককে অবহিত করা হয়েছে এবং সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চালু রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, উইমেন আইটি সার্ভিস প্রোভাইডার প্রশিক্ষণ কোর্সের ০৪ (চার) টি ব্যাচের প্রশিক্ষণের ৭২ তম ক্লাশ চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। জানুয়ারি ২০২৫ খ্রি. এ প্রশিক্ষণার্থীদের ৮০ (আশি) টি ল্যাপটপ প্রদান করা হবে। নারী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সের ১৩২ তম ক্লাশ সফলভাবে সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে, পীরগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য বিভাগের ওয়েব পোর্টাল হালনাগাদ করা নেই। অতিদ্রুত আইসিটি দপ্তরে যোগাযোগ করে ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়টি তুলে ধরা হয়। SET Centre (উপজেলা আইসিটি অফিস) এর নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভায় জানানো হয়। পরিশেষে তিনি জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আইসিটি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার এবং ১৭ কমিটির সভা আয়োজনের বিষয়ে নির্দেশনা রয়েছে। ওয়েব পোর্টালে ১৭ কমিটির কার্যবিবরণী ব্যতীত অন্যান্য ডকুমেন্টস হালনাগাদ রয়েছে। তাই, ১৭ কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইউডিএফ পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা'র প্রতিনিধি সভায় জানান যে, মোট ৩৭৬ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২৪
(মোঃ রমিজ আলম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৮৪(৫০)

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ / ৩০ ডিসেম্বর ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,....................................................।

৩০/১২/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।